**আবেদনকারী/পিটিশনারের জন্য পরামর্শ**

- এখন থেকে সভা/মিছিল/সমাবেশ ইত্যাদির জন্য আবেদন শুধুমাত্র নির্দিষ্ট FORM এ গৃহীত হবে।
- আবেদনের FORM টি মুর্শিদাবাদ পুলিশের অফিসিয়াল ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে: www.murshidabadpolice.wb.gov.in
- নির্ধারিত অনুষ্ঠানের **১ থেকে ২ সপ্তাহ পূর্বে** (না তার আগে, না তার পরে) জমা দেওয়া আবেদনই কেবলমাত্র বিবেচিত হবে।
- নির্দিষ্ট সময়সীমার মধ্যে, যেকোনও কার্যদিবসে অফিস সময়ে আবেদনপত্রটি সাব-ডিভিশনাল পুলিশ অফিসার সাহেবের সংশ্লিষ্ট থানার মাধ্যমে দপ্তরে জমা দিতে হবে ।

**প্রতি,**
সাব-ডিভিশনাল পুলিশ অফিসার
______________________
মুর্শিদাবাদ।

**বিষয়:** সভা/মিছিল/সমাবেশ আয়োজনের জন্য নো অবজেকশন সার্টিফিকেট (N.O.C.) প্রদানের আবেদন।

**মান্যবর,**

এতদ্বারা জানানো যাচ্ছে যে, আমরা __________ (অনুষ্ঠানের তারিখ)-এ একটি সভা / মিছিল / সমাবেশ (√ চিহ্ন দিন) আয়োজনের সিদ্ধান্ত নিয়েছি। অনুষ্ঠানের বিস্তারিত বিবরণ নীচে দেওয়া হলোঃ

১. আবেদনকারীর নাম: ______________________
২. পূর্ণাঙ্গ ঠিকানা: ______________________
৩. যোগাযোগ নম্বর: ______________________
৪. ই-মেইল আইডি: ______________________
৫. সংস্থার নাম ও ঠিকানা: __________________
৬. ই-মেইল আইডি: ______________________
৭. অনুষ্ঠানের বিবরণ:
ক) সময়: __________ **থেকে** __________ **পর্যন্ত।**
খ) সূচনা স্থান: ______________________
গ) সমাপ্তি স্থান: ______________________
ঘ) রুট (বিস্তারিত): ______________________
______________________________________
ঙ) সম্ভাব্য অংশগ্রহণকারীর সংখ্যা: __________
চ) ব্যাবহৃত গাড়ি ও ড্রাইভারের বিবরণ: ______________________
ছ) স্বেচ্ছাসেবকদের নাম ও মোবাইল নম্বর: ______
*(প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করুন)*

আমি/আমরা ঘোষণা করছি যে, নীচে দেওয়া **শর্তাবলী** মনোযোগ সহকারে পড়েছি এবং অনুষ্ঠান চলাকালীন এগুলি মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ। আমি/আমরা অবগত যে, শর্তাবলী অমান্য করলে প্রযোজ্য আইনের অধীনে পুলিশ শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবে।

**তারিখ:** __________

**স্বাক্ষর ও সিলমোহর**

N.B.-আবেদনপত্রটি সংশ্লিষ্ট থানার মাধ্যমে এসডিপিও সাহেবের অফিসে জমা দিতে হবে।

শর্তাবলী

১. আবেদনকারী/লাইসেন্সধারী অনুষ্ঠান চলাকালীন উপস্থিত থাকবেন এবং যেকোনও ত্রুটির জন্য দায়বদ্ধ থাকবেন।
২. অংশগ্রহণকারীর সংখ্যা আবেদনে উল্লিখিত সংখ্যার সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
৩. অনুষ্ঠান শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে হবে।
৪. মাইক্রোফোন ব্যবহারের ক্ষেত্রে কলকাতা হাইকোর্ট এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশিত সীমা মানতে হবে।
৫. 'সাইলেন্স জোন' এ (হাসপাতাল, নার্সিং হোম, আদালত, বিশ্ববিদ্যালয়, কলেজ, স্কুল ইত্যাদি)- লাউডস্পিকার/হর্ন বাজানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৬. অনুষ্ঠানে কোনও আতশবাজি ব্যবহার করা যাবে না।
৭. অংশগ্রহণকারীরা লাঠি, বর্শা, আগ্নেয়াস্ত্র, তলোয়ার বা অস্ত্র হিসেবে ব্যবহারযোগ্য কোনও বস্তু বহন করতে পারবেন না।
৮. উস্কানিমূলক বা হিংসা সৃষ্টি করতে পারে এমন বা অশালীন ভাষা কঠোরভাবে নিষিদ্ধ।
৯. ট্রাফিক, ভবনে প্রবেশ, অ্যাম্বুলেন্স, ফায়ার ব্রিগেড বা জরুরি পরিষেবায় কোনও বাধা দেওয়া যাবে না।
১০. সরকারি সম্পত্তির ক্ষতি, সরকারি কর্মচারীর উপর আঘাত বা বেআইনি কার্যকলাপ করা যাবে না।
১১. জনসাধারণের কোনও অসুবিধা করা যাবে না।
১২. রাজ্য সরকারের জারি করা **স্বাস্থ্যবিষয়ক পরামর্শ** মেনে চলতে হবে।
১৩. মিছিল/ট্যাবলো প্রভৃতি ট্রাফিক নিয়ম মানতে বাধ্য থাকবে। একমুখী রাস্তা ভঙ্গ করা যাবে না এবং গতি সীমা বজায় রাখতে হবে।
১৪. পর্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে যারা পুলিশকে সহায়তা করবে।
১৫. পরিবেশ দূষণ এড়াতে কলকাতা হাইকোর্ট, ন্যাশনাল গ্রিন ট্রাইব্যুনাল ও পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে চলতে হবে।
১৬. প্রয়োজনীয় ক্ষেত্রে অন্যান্য পরিষেবা বা জমির মালিকদের কাছ থেকে পূর্ব অনুমতি (N.O.C.) নিতে হবে।
১৭. জমি নষ্ট হলে তা পুনরুদ্ধার করতে হবে এবং অনুষ্ঠান শেষে বর্জ্য পরিষ্কার করতে হবে।
১৮. অস্থায়ী গ্যালারি বসানো যাবে না।
১৯. পর্যাপ্ত পানীয় জলের ব্যবস্থা রাখতে হবে।
২০. অনুষ্ঠানস্থল ও আশেপাশের এলাকা পরিষ্কার রাখতে হবে। প্লাস্টিকজাত নিষিদ্ধ জিনিস ব্যবহার করা যাবে না।
২১. গাছপালা বা সবুজ এলাকা নষ্ট করা যাবে না।
২২. বিদ্যমান সব নিয়ম-কানুন মেনে চলতে হবে।
২৩ বাইক মিছিল আয়োজন করা যাবে না।
২৪. . শিশুদের অংশগ্রহণ অনুমোদিত নয় (শিশু-কেন্দ্রিক অনুষ্ঠান ব্যতীত)।
২৫. ডিজে ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ।
২৬. পরিস্থিতির প্রয়োজনে মুর্শিদাবাদ পুলিশ অনুমতি প্রত্যাহার করতে পারবে ।